

(2)

Ex./BANGLA/PG/3.1/60/2018

অথবা

৪. মন্মটভট্ট রস আলোচনা প্রসঙ্গে পূর্ববর্তী আলংকারিকদের অভিমত আলোচনা করেছেন। যে কোনো একজন আলংকারিকের মত মন্মটভট্ট অনুসারে আলোচনা করো। ১০

অথবা

৫. দু-একটি উদাহরণসহ বস্তুধ্বনি অলংকারধ্বনি ও রসধ্বনির সংক্ষিপ্ত পরিচয় দাও। ১০

৬. 'সৌন্দর্যবোধ' ও 'সৌন্দর্য' ও সাহিত্য প্রবন্ধদুটি অবলম্বন করে রবীন্দ্রনাথের সৌন্দর্যতত্ত্বটি তুমি কীভাবে বিশ্লেষণ করবে জানাও। ১০

অথবা

৭. 'বাস্তব' প্রবন্ধে কার তোলা কোন্ অভিযোগের উত্তর দিয়েছেন রবীন্দ্রনাথ? রবীন্দ্রনাথের বস্তুব্যাচি তোমার কাছে কি গ্রহণযোগ্য মনে হয়? সংক্ষিপ্ত আলোচনায় তোমার মতামত জানা। ১০

অথবা

৮. তৎকালীন ইংরেজ কবিদের সম্বন্ধে রবীন্দ্রনাথের মতামত অনেকসময় কি একটু একপেশে মনে হয়? 'আধুনিক কাব্য' প্রবন্ধ অবলম্বন করে তোমার অভিমত জানাও। ১০

৯. অবনীন্দ্রনাথ ঠাকুর 'বাগেশ্বরী শিল্প প্রবন্ধাবলী'তে দৃষ্টিকে কটি ভাগ করেছেন? কী কী? শিল্পসৃষ্টির জন্য সেই দৃষ্টিগুলির প্রয়োজনীয়তা কোথায় তা ব্যাখ্যা করো। ১০

অথবা

১০. কী সুন্দর, আর কী অসুন্দর – বাগেশ্বরী শিল্প প্রবন্ধাবলী অবলম্বনে তা ব্যাখ্যা করো। ১০

স্নাতকোত্তর অন্ত্য সেমিস্টার পরীক্ষা, ২০১৮

(দ্বিতীয় বর্ষ, তৃতীয় সেমিস্টার)

বিভাগ - বাংলা

ভারতীয় সাহিত্যতত্ত্ব

কোর্স পি.জি. - ৩.১

সময় দু ঘণ্টা

পূর্ণমান ৩০

যে কোনও ৩টি প্রশ্নের উত্তর দাও।

১. ভরত-এর নাট্যশাস্ত্র অনুসারে রস-কে যে চারটি ভাগে ভাগ করা হয়েছে তার পরিচয় দিয়ে আটটি রসকে চারটি ভাগে দেখানোর কারণ নির্দেশ করো। ১০

অথবা

- ২.ক. আত্মিক, বাচিক, আহাৰ্য ও সাত্ত্বিক পরিভাষাগুলি ভরত কোন্ প্রসঙ্গে ব্যবহার করেছেন? এগুলির পরিচয় দিয়ে 'সাত্ত্বিক' কথাটি 'রস'-এর আলোচনায় কীভাবে প্রাসঙ্গিক ও তাৎপর্যপূর্ণ হয়ে ওঠে আলোচনা করো।

অথবা

- ২.খ. ভারতীয় কাব্যতত্ত্বে 'সহৃদয় সামাজিক'-এর গুরুত্ব কোথায়? আলংকারিকদের ভাবনায় 'সহৃদয় সামাজিক' কীভাবে উপস্থাপিত হয়েছে সংক্ষেপে আলোচনা করো। ১০

৩. কাব্যের আত্মা 'ধ্বনি' নিয়ে আলোচনা আনন্দবর্ধনের আগেই প্রচলিত ছিল। তার প্রমাণ ধ্বন্যালোক-এই আছে। বিষয়টি আলোচনা করে 'ধ্বনি' সম্পর্কে আনন্দবর্ধনের মতটি প্রতিষ্ঠিত করো। ১০

(Turn over)